

M.A. 3rd Semester Examination, 2022

BENGALI

PAPER – BNG-302(CCAE)

Full Marks : 40

Time : 2 hours

The figures in the right hand margin indicate marks

Candidates are required to give their answers in their own words as far as practicable

বিভাগ—ক

যে কোন চারটি প্রশ্নের উত্তর দাও :

২×৪

- ১। মানিক বন্দ্যোপাধ্যায়ের গল্পের প্রধান দুটি বৈশিষ্ট্য লেখো ।
- ২। প্রকাশকাল সহ হাসান আজিজুল হকের দুটি গল্পগ্রন্থের নাম লেখো ।
- ৩। ‘চিকিৎসা সংকট’ গল্পের ইউনানি চিকিৎসকের নাম কী ?

- ৪। নারায়ণ গঙ্গোপাধ্যায়ের 'বনজ্যোৎস্না' গল্পটি কোন গল্পগ্রন্থের অন্তর্ভুক্ত ? গল্পটিতে লেখক কোন নদীর কথা উল্লেখ করেছেন ?
- ৫। 'মাঘ বিহু'র অপর নাম কী ? কীভাবে এই উৎসব পালন করা হয় ?
- ৬। 'মাছ ও মানুষ' গল্পটি কোন গল্পগ্রন্থের অন্তর্গত ? এর প্রকাশকাল লেখো ।

বিভাগ—খ

যে কোন চারটি প্রশ্নের উত্তর দাও :

৪ × ৪

- ৭। বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের সমাজ-সমস্যামূলক একটি গল্পের সংক্ষিপ্ত পরিচয় দাও ।
- ৮। নরেন্দ্রনাথ মিত্রের ছোটগল্পে মধ্যবিত্তের সংকট যেভাবে পরিস্ফুট হয়েছে তা একটি গল্প অবলম্বনে সংক্ষেপে লেখো ।
- ৯। 'ডাইনী' গল্পের ছাতিফাটা মাঠের বর্ণনা দাও ।
- ১০। 'হয়তো' গল্পের মাধুরী চরিত্রটির স্বরূপ বিশ্লেষণ করো ।
- ১১। টীকা লেখো : মিজা-সাহিবান : হৃদয়বিদারক এক চিরঞ্জীব প্রেমোপাখ্যান ।

- ১২। 'গ্রাহ-গজেন্দ্রের কাহিনীটা তার মনে পড়ল ।' — কার মনে পড়ার কথা বলা হয়েছে ? গ্রাহ-গজেন্দ্রের কাহিনীটি সংক্ষেপে লেখো ।

বিভাগ—গ

যে কোন দুটি প্রশ্নের উত্তর দাও :

৮×২

- ১৩। বাংলা ছোটগল্পে সৈয়দ ওয়ালীউল্লাহের ভূমিকা পর্যালোচনা করো ।
- ১৪। 'চতুর্থ পাণিপথের যুদ্ধ' গল্পে প্রকাশিত লেখকের ইতিহাস চেতনা ও সমাজ ভাবনার পরিচয় দাও ।
- ১৫। 'কেবল জাতপাত ও সামাজিক শোষণের গল্প হিসেবে নয়, 'সদৃগতি' -কে ব্রাহ্মণ্যবাদের বিরুদ্ধে প্রতিবাদের গল্প হিসেবেও পড়া যেতে পারে ।' — অভিমতটির গুরুত্ব বিচার করো ।
- ১৬। 'ক্লাইমেক্স আবিষ্কার মোপাসাঁর একান্ত নিজস্ব ।' — নেকলেস' গল্প অবলম্বনে মন্তব্যটির যথার্থ্য বিচার করো ।